

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা।

প্রেস বিজ্ঞপ্তি

৩০ জুন ২০১৬, বৃহস্পতিবার

আজ বৃহস্পতিবার, ৩০ জুন ২০১৬ তারিখে “Health Sector Development Program (HSDP)”—এ অতিরিক্ত অর্থায়নের জন্য ১৫০ মিলিয়ন মার্কিন ডলারের একটি খণ্ডচুক্তি বাংলাদেশ সরকার এবং বিশ্ব ব্যাংকের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (আইডিএ)-এর মধ্যে স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত সচিব জনাব কাজী শফিকুল আয়ম এবং আইডিএ’র পক্ষে বিশ্ব ব্যাংক ঢাকা অফিসের Mr. Zahid Hossain, Acting Country Director উক্ত খণ্ড-চুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশ সরকারের এবং বিশ্ব ব্যাংক ঢাকা অফিসের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

২। অতিরিক্ত অর্থায়নে বাস্তবায়িতব্য কর্মসূচির উদ্দেশ্য ও কার্যাবলী মূল কর্মসূচি “Health, Population and Nutrition Sector Development Program (HPNSDP)”—এর ন্যায় একই থাকবে, যা নিম্নরূপঃ


- জাতিসংঘ ঘোষিত উন্নয়ন এজেন্টা এবং বাংলাদেশ সরকার কর্তৃক প্রস্তুতকৃত পঞ্চ-বার্ষিকী পরিকল্পনার লক্ষ্যসমূহ অর্জন হ্রাসিত করা;
- স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাতের চ্যালেঞ্জসমূহ মোকাবেলা করা; এবং
- স্বাস্থ্য সেক্টরের আধুনিকায়ন ও দক্ষতা বৃদ্ধি করা।

৩। স্বাস্থ্য সেক্টরের এ কর্মসূচি বাস্তবায়নের জন্য নিম্নোক্ত দুটি অঙ্গ (component)-এর আওতায় বিস্তৃত কার্যক্রম গ্রহণ করা হচ্ছে, যা অতিরিক্ত অর্থায়নে বাস্তবায়িতব্য প্রকল্পেও অব্যাহত থাকবেঃ

- Improving Health Service delivery এবং
- Strengthening Health Systems.

অতিরিক্ত অর্থায়নে সেক্টর ভিত্তিক এ কর্মসূচি আগামী ৩০ জুন ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন করা হবে।

৪। এ প্রকল্প বাস্তবায়নের জন্য আইডিএ অত্যন্ত নমনীয় শর্তে অতিরিক্ত ১৫০ মিলিয়ন মার্কিন ডলার খণ্ড প্রদান করবে—যা ০৬ বছরের গ্রেস পিরিয়ডসহ ৩৮ বছরে পরিশোধযোগ্য। উত্তোলিত অর্থের উপর বার্ষিক ০.৭৫% হারে সার্ভিস চার্জ প্রদেয় হবে।


৩০৬/২০১৬

(মাহফুজ আকতার)
সিনিয়র সহকারী সচিব